# দায়ূদ -৪



Published by the Comic Bible Society, LLC
Copyright © 2021

Kingstone Comics maintains copyright to this comic book as provided by United States copyright law.

Print and digital copies of this version may be freely distributed without penalty under a Creative Commons license.


বসন্তকালে দায়ূদ যুদ্ধ করার জন্য তাঁর সৈন্যদের পাঠিয়ে দিলেন, কিন্তু তিনি পিছনেই থেকে গেলেন। তাঁর রাজবাড়ীর ছাদের উপর থেকে তিনি একজন খুব সুন্দর স্ত্রীলোককে স্নান করতে দেখলেন।
এই স্ত্রীলোকটিকে আমার কাছে নিয়ে এস।
কিন্তু মহারাজ -- সে তো উরিয়ের স্ত্রী এবং আপনার শক্তিশালী লোকদের মধ্যে একজনের মেয়ে।
আমার জন্য রাজা পাঠিয়েছেন?
হ্যাঁ, আমার সাথে -- আস।
কয়েক সপ্তাহ পরে...
আমি গর্ভবতী।
দায়ূদের একটি পরিকল্পনার প্রয়োজন ছিল লোকদের তিরস্কার থেকে নিজেকে এবং বৎশেবাকে সম্ভাব্য পাথর থেকে রক্ষার জন্য।
সেনাপতি যোয়াবের কাছে যাও এবং আমার সৈন্যদের মধ্য থেকে - হিত্তীয় উরিয়কে আমার কাছে পাঠিয়ে দাও।

২শমূয়েল ১১: ১-৫


দায়ূদ সৈন্যদের ভাল-মন্দের খবর এবং যুদ্ধ কেমন চলছে তা জিজ্ঞাসা করলেন। তারপর তিনি বললেন...
তুমি অনেক দূর থেকে যাত্রা করে এসেছ। তোমার বাড়ী যাও এবং তোমার স্ত্রীর সাথে থাক।
ঊরিয় তা না করে রাজবাড়ীর ফটকে ঘুমাল।
কেন কাল রাতে তোমার বাড়ীতে গেলে না?
আমি এমন কিছুই করতে চাইনা যখন রাজার লোকেরা খোলা মাঠে ঘুমাচ্ছেন।
দায়ূদ আশা করেছিলেন ঊরিয় মাতাল ছিলেন সুতরাং সে নিশ্চয়ই তার বাড়ীতে যাবেন, এবং অন্যরা ভাববে বৎশেবা তার স্বামীর কাছ থেকে গর্ভবতী হয়েছেন।
কিন্তু রাজার পরিকল্পনা তাঁর পাপ ঢাকতে ব্যর্থ হল, যেভাবে ঊরিয় আবারো রাজরাড়ীর বাহিরে ঘুমালেন।

২শমূয়েল ১১: ৬-১৪




২শমূয়েল ১১:১৪-২১




২শমূয়েল ১১:১৮-২৭


সদাপ্রভু তাঁর নবী নাথনকে রাজার কাছে পাঠালেন... মেষপালক সম্পর্কে তাঁকে ব্যাখ্যা দিতে যেন রাজা বুঝতে পারেন।
আমার প্রভু, আমার কাছে এমন একটি ঘটনা আছে যা আমি আপনাকে জানাতে চাই...
কোন এক শহরে সেখানে ছিল একজন ধনী লোক যার অনেক ভেড়া ছিল। সেই একই শহরে একজন গরীব লোক ছিল যার একটি মাত্র বাচ্চা-ভেড়ী ছিল যা তিনি তার পরিবারের সাথে ঘরের মধ্যে রেখেছিলেন।
একদিন একজন অতিথি সেই ধনী লোকটির কাছে আসল, কিন্তু ধনী লোকটি সেই অতিথির জন্য খাবার প্রস্তুত করতে নিজের পশু নিলেন না। তার বদলে সে সেই গরীব লোকটির বাচ্চা ভেড়ীটা নিয়ে নিলেন।
জীবন্ত সদাপ্রভুর দিব্য, যে লোকটি এই কাজ করেছে তাকে মেরে ফেলাই উচিত!
সে একটুও দয়া না করে এই কাজ করেছে বলে, তাকে ঐ ভেড়ার বাচ্চাটার চারগুণ দাম দিতে হবে।

২শমূয়েল ১২:১-৬


আপনিই সেই লোক!
ইস্রায়েলের ঈশ্বর সদাপ্রভু এই কথা বলছেন, “আমিই ইস্রায়েলের উপরে তোমাকে রাজপদে অভিষেক করেছি, এবং শৌলের হাত থেকে তোমাকে রক্ষা করেছি... তোমার মনিবের সব কিছু আমি তোমাকে দিয়েছি আর তার স্ত্রীদেরও আমি তোমার কাছে দিয়েছি।”
“ইস্রায়েল ও যিহূদার সমস্ত গোষ্ঠীর লোকদের ভার আমি তোমাকে দিয়েছি।”
“এই সব যদি তোমার পক্ষে যথেষ্ট না হত তবে, আমি তোমাকে আরও অনেক কিছু দিতাম।”
“তবে সদাপ্রভুর চোখে যা মন্দ তা করে কেন তুমি তাঁর কথা তুচ্ছ করলে?”
“অম্মোনীয়দের দিয়ে তুমি ঊরিয়কে মেরে ফেলেছ তুমি আমাকে তুচ্ছ করেছ এবং ঊরিয়ের স্ত্রীকে নিয়ে নিজের স্ত্রী করেছ, সেইজন্য তোমার পরিবার কখনও খুনের হাত থেকে রেহাই পাবে না।”
সদাপ্রভু আরও বলেছেন, “দেখ, আমি তোমার পরিবার থেকেই তোমার জন্য বিপদ নিয়ে আসব। এবং তোমার চোখের সামনেই আমি তোমার স্ত্রীদের নিয়ে তোমার নিজের লোককে দেব, এবং সে সকলের চোখের সামনে তাদের নিয়ে শোবে।”
।“তুমি সেই কাজ করেছ গোপনে, কিন্তু আমি এই কাজ করব সকলের সামনে, সমস্ত ইস্রায়েলীয়দের চোখের সামনে।”

২শমূয়েল ১২:৭-১২




২শমূয়েল ১২:১৩-৩১, গীতসংহিতা ৫১




২শমূয়েল ১২:২০-৩১


কিছু সময় পরে...
অম্মোন, আপনার সৎ বোন তামর, সে আপনার প্রতি আগ্রহী?
যোনাদব, এটি পুরো বিষয় নয়। আমি তার দিক থেকে চোখ ফিরাতে পারিনা। আমি মনে হয় তার সাথে সবসময় থাকতে চাই।
তুমি এত রোগা হয়ে যাচ্ছ কেন অম্মোন? তোমাকে দেখতে ভয়ানক লাগছে।
আমার ভাই অবশালোমের বোন -- তামরকে আমি ভালবাসি। কিন্তু আমার তাকে একা বা আমার কাছে পাওয়া অসম্ভব হয়ে গেছে ।
এটি একটি সহজ সমস্যা যার সমাধান করা সম্ভব।
তুমি অসুখের ভান করে বিছানায় পড়ে থাক। রাজাকে বল তামরকে পাঠাতে যেন সে এসে তার কয়েকটা বিশেষ পিঠা তোমার জন্য তৈরী করে।
চাকররা, ঘর থেকে বের হয়ে গেল।
বোন তুমি আমার সংগে শোও!
না -- এই রকম জঘন্য কাজ তুমি কোরো না! ইস্রায়েলীয়দের মধ্যে এমন কাজ করা উচিত নয়!

২শমূয়েল ১৩:১-১৪




২শমূয়েল ১৩:১৯-৩৮


যোয়াব, রাজার সেনাপতি, জানতে পারলেন যে তাঁর ছেলের জন্য রাজা দায়ূদের প্রাণ কাঁদছে।
তাই তিনি দুই ছেলের বিষয়ে একটি গল্প দায়ূদকে বলার জন্য একজন চালাক স্ত্রীলোককে নিয়ে পরিকল্পনা করলেন ।
এটা বলবে... এবং তুমি অবশ্যই রাজার মনোযোগ আকর্ষন করতে পারবে।
তারপর তিনি তাঁর চিন্তার পরিবর্তন করবেন এবং তাঁর ছেলে অবশালোমকে এই রাজ্যে ফিরে আসার অনুমতি দেবেন।
এই সব ব্যাপারে কি যোয়াবের হাত আছে? আমার ছেলে অবশালোমের সাথে এই অবস্থার মোড় ঘুরিয়ে দেবার জন্যই কি এই কাজ করেছেন?
অবশ্যই কোন কিছু রাজার কাছ থেকে লুকানো থাকে না -- আপনার জ্ঞান ঈশ্বরের কাছ থেকে আসে।
খুব ভাল। যোয়াবকে পাঠাও।
তুমি আমার ছেলে অবশালোমকে ফিরিয়ে আনতে পার কিন্তু সে অবশ্যই তার নিজের বাড়ী থাকবে।
এখন আমি জানতে পারলাম যে আমি আপনার কাছে দয়া পেয়েছি, কারণ আপনি আমার অনুরোধ রক্ষা করেছেন।
হ্যাঁ -- কিন্তু সে যেন আমার মুখ না দেখে।
তাই, অবশালোম যিরূশালেমে ফিরে আসলেন -- এমনকি তার নিজের ভাইকে মেরে ফেলার পরেও। তিনি তার সুন্দর চেহারার জন্য ইস্রায়েলের লোকদের কাছে খুব বেশী প্রশংসিত হয়েছিলেন ।

২শমূয়েল ১৪:১-২৭


দুই বছর থেকে তার বাবার মুখ দেখেনি এবং যোয়াব তার সাথে দেখা করার অনুরোধ না রাখায় -- অবশালোম যোয়াবের মনোযোগ আকর্ষনের জন্য একটি পরিকল্পনা করলেন।
কেন তুমি আমার ক্ষেতগুলো পুড়িয়ে দিয়েছ যা তোমার পাশেই ছিল?
এখানে আসবার জন্য আমি আপনার কাছে লোক পাঠিয়ে দিয়েছিলাম!
আমি এখানে দুই বছর বসে আছি। এখন যাতে আমি রাজার মুখ দেখতে পাই আপনি সেই ব্যবস্থা করুন যদি আমার কোন দোষ হয়ে থাকে -- তবে তিনি যেন আমাকে মেরে ফেলেন।
খুব ভাল, আমি তোমার বাবা রাজার সাথে কথা বলব।
দায়ূদ তার সেনাপতির কথা মনোযোগ দিয়ে শুনলেন এবং তাঁর ছেলে অবশালোমকে যিরূশালেমে ফিরিয়ে আনার অনুমতি দিলেন।
কিন্তু এটি শুধুমাত্র একটি রাজকীয় ষড়যন্ত্রের নেতৃত্ব দিয়েছিল।
হায়, আমাকে যদি দেশের বিচারক করে নিযুক্ত করা হত -- তাহলে আমি প্রত্যেকের ন্যায়বিচার নিশ্চিত করতাম।
কেউ যখন কোন নালিশ নিয়ে রাজার কাছে বিচারের জন্য আসত, অবশালোম তাদের বলতেন এখানে তাদের কথা শুনবার জন্য কোন লোক নেই। নিন্দা ও চাটুকারীতার মাধ্যমে, অবশালোম নিজেকে লোকদের কাছে অনুগ্রহের পাত্র করলেন এবং তাদের মন জয় করে নিলেন।
তার রাজকীয় ভাব রাখার জন্য, অবশালোমের একটি রথ এবং ঘোড়ার দল ছিল, সাথে পঞ্চাশ জন লোক যিরূশালেমে তার সামনে চলত।
তিনি ইস্রায়েলের লোকদের মন দায়ূদের দিক থেকে সরিয়ে নিজের প্রতি আকর্ষিত করেছিলেন এবং তিনি এই কথা বললেন যে তিনি দাবিকৃত রাজা হয়েছেন।

২শমূয়েল ১৫:১-১২




২শমূয়েল ১৫:১৩-৩৬






২শমূয়েল ১৫:২২ -- ১৬:৪


কিন্তু সবাই এইভাবে অনুভব করেনা।
দূর হ, দূর হ -- খুনী! বদমাইশ কোথাকার!
তুই যাঁর জায়গায় রাজত্ব করছিস সেই সমস্ত লোকের রক্তপাতের প্রতিফল সদাপ্রভু তোকে দিয়েছেন এবং তিনি তোর এই দশা করেছেন!
এই মরা কুকুরটা কেন আমার প্রভু মহারাজকে অভিশাপ দিচ্ছে? আমাকে ওর মাথা কেটে ফেলতে অনুমতি দিন।
হতে পারে সে অভিশাপ দিচ্ছে কারন সদাপ্রভুই তাকে করতে বলেছেন।
অবশালোম, আমার নিজের ছেলেই, যখন আমার প্রাণ নেবার চেষ্টা করছে তখন বিন্যামীন-গোষ্ঠীর এই লোকটি তো আরও বেশী করে তা করবে।
তাকে ছেড়ে দাও।
হতে পারে সদাপ্রভু আমার এই কষ্ট দেখবেন আর আজকে আমি যে অভিশাপ পাচ্ছি তার বদলে আমার মংগল করবেন।

২শমূয়েল ১৬:৫-১৪




২শমূয়েল ১৬:১৫-২৩




২শমূয়েল ১৬:২১-২৩


এখন মার যখন তোমার বাবা ক্লান্ত!
তাঁকে এমন ভয় ধরিয়ে দেব যে তাঁর সংগের লোকেরা পালিয়ে যাবে।
খুব ভাল। রাজত্ব তখন রাজার হাতের মুঠোয় দৃঢ়ভাবে আসবে।
ভাল পরামর্শ কিন্তু আমি অর্কীয় হূশয়ের কাছ থেকে শুনতে চাই।
আপনি কি মনে করেন?
আপনার বাবা এবং তাঁর লোকেরা অভিজ্ঞ যোদ্ধা।
তাঁরা বাচ্চা কেড়ে নেওয়া বুনো ভাল্লুকের মতই ভয়ংকর।
তা ছাড়া আপনার বাবা একজন পাকা যোদ্ধা; তিনি তাঁর সৈন্যদলের মধ্যে রাত কাটাবেন না। তিনি এখন, কোন গর্তে বা অন্য কোন জায়গায় লুকিয়ে আছেন।
যুদ্ধের আরম্ভে যদি আপনার সৈন্যের কয়েকজন মারা পড়ে তবে যারা সেই কথা শুনবে তারা বলবে অবশালোমের পক্ষের সৈন্যদলের অনেককে মেরে ফেলা হয়েছে।
আমি আপনাকে এই পরামর্শ দিই সমস্ত ইস্রায়েলীয় সৈন্যরা একসাথে জড়ো হোক -- সাগর পারের অসংখ্য বালুকণার মত।
তারপর তাদের নিয়ে আপনি নিজেই যুদ্ধে নেতৃত্ব দেন এবং দায়ূদ আর তাঁর লোকদের উপরে পড়েন -- মাটিতে শিশির পড়বার মত করে।
আপনার পরামর্শ ভাল। আমি এটি গ্রহণ করব।
অহীথোফল যখন দেখল যে তার পরামর্শ মত কাজ করা হল না, অহীথোফল তার নিজের বাড়ীতে গেলেন এবং নিজেকে গলায় দড়ি দিল।
হূশয় পুরোহিত সাদোক ও অবিয়াথরের সাথে মিলিত হলেন।
দায়ূদকে বলবেন যে জায়গায় হেঁটে নদী পার হওয়া যায় সেখানে থাকবেন না -- কিন্তু নদী পার হয়ে যেতে হবে।
তাছাড়াও - অবশালোম তাঁর বিরুদ্ধে শক্তিশালী বাহিনী তৈরি করেছেন।

২ শমূয়েল ১৭: ১-১৫


হূশয় দায়ূদকে পরামর্শ দিলেন সময় হয়েছে শহরে পুনরায় দল গঠন করার।
তিনি সৈন্যদের তিনটি দলে পাঠালেন যোয়াব, অবীশয় এবং গাতীয় ইত্তয়ের অধীনে যারা তাঁর প্রতি বিশ্বস্ত ছিলেন।
আর তিনি সব সেনাপতিদের এবং সৈন্যদের একটি সুস্পষ্ট আদেশ দিয়েছিলেন...
আমার মুখ চেয়ে তোমরা সেই যুবক অবশালোমের সংগে নরম ব্যবহার কোরো।
আমি তোমাদের সংগে যুদ্ধে যাব।
না -- আপনি তো আমাদের দশ হাজারের সমান। যদি আমাদের অর্ধেক লোকও মারা যায়, তাতেও তাদের কিছু হবে না। তারা শুধুমাত্র আপনাকে চায়।
ইফ্রয়িমের বনে যুদ্ধ হল। সেই দিন বিশ হাজার লোক মারা পড়ল এবং যুদ্ধে যত না লোক মরল তার চেয়ে বেশী মরল বনের জন্য।
এবং অবশালোম দায়ূদের লোকদের সামনে পড়ল অস্বাভাবিক ভাবে

২শমূয়েল ১৮:১-৯


???
এটি সত্য -- রাজার ছেলে বনের মধ্যে তার মাথার সাথে আটকে ঝুলে আছে।
কি?! আর তুমি তাকে আঘাত করে মাটিতে ফেলে দিলে না কেন?
আপনি এবং আমাদের সবাই রাজার আদেশ শুনেছিল।
আমার হাতে এক হাজার শেখেল রূপা মেপে দিলেও আমি রাজার ছেলের গায়ে হাত তুলতাম না
যদি আমি কাজটি করতাম তাহলে আপনি এমন আচরণ করবেন যে আপনি আমাকে জানেন না।
আমি তোমার সংগে এইভাবে সময় নষ্ট করতে পারি না!
এই -- যা ঘটেছিল -- কে রাজা হবেন তা নয়ে বিদ্রোহ করায়।
নিশ্চিত কর যে তিনি মারা গেছেন।

২শমূয়েল ১৮:৯-১৫




২শমূয়েল ১৮:১৯-২৫




২শমূয়েল ১৮:২৬-৩৩




২শমূয়েল ১৮:৩৩ --১৯:৮




২শমূয়েল ১৯:১১-৪০




২শমূয়েল ১৯:৪১-২০:৪


অবীশয় -- যোয়াব এবং সবচেয়ে ভাল সৈন্যদের নিয়ে যাও। অমাসা তিন দিনের চেয়ে বেশি সময় নিয়েছেন।
তাড়া কর এবং ধরে ফেল শেবঃকে কোন দেয়াল-ঘেরা শহর নিজের জন্য খুঁজে নেবার আগেই আর অবশালোম আমাদের যত না ক্ষতি করেছে তার চেয়ে বেশী ক্ষতি করার আগে।
শেষ পর্যন্ত, অমাসা তার সৈন্যদের নিয়ে উপস্থিত হলেন।
যখন আমি অমাসার সাথে কথা বলি তখন ঘোড়াগুলি এবং লোকদের বিশ্রাম নিতে দিন।
অমাসা, চল আমরা একান্তে কথা বলি... তোমার জন্য আমার কাছে খবর আছে...
উউগগগহহ
পাহাড়ের উপরে -- এবং আমাদের শেবাঃকে খুঁজতে হবে।
যে যোয়াবকে ভালবাসে -- এবং যে দায়ূদের পক্ষের লোক -- সে যেন যোয়াবের পিছনে পিছনে যায়!


সেনাপতি যোয়াব এবং সেনাপতি অবীশয় - সবকিছু ঠিক জায়গায় আছে। আশাকরি দিন শেষ হবার আগেই সবূলূনের লোকেরা যাবার পথ করে দেবে।
আবেল-বৈৎমাখার লোকদের শেবাঃকে আশ্রয় দেবার জন্য শাস্তি পেতে হবে।
আপনার দাসীর কথা শুনুন।
শুনছি।
আমাদের শহর ইস্রায়েলের মধ্যে মায়ের মত। কেন শান্তিপ্রিয় ও বিশ্বস্ত এই শহরটাকে ধ্বংস করে দিতে চাইছেন?
গিলে ফেলার কাজ আমার থেকে দূরে থাকুক। কিন্তু তোমরা বিখ্রির ছেলে শেবঃকে আশ্রয় দিয়েছ, যে রাজা দায়ূদের বিরুদ্ধে হাত তুলেছিল।
তাকে হাতে তুলে দাও তাহলে আমি চলে যাব।
দেয়ালের উপর দিয়ে তার মাথাটা আপনার কাছে ছুঁড়ে দেওয়া হবে।
শিংগা বাজাও এবং আঘাত করা বন্ধ করো। আমরা ইস্রায়েলে ফিরে যাই।

২শমূয়েল ২০:১-২২



দায়ূদের রাজত্বের সময় পর পর তিন বছর দুর্ভিক্ষ হয়েছিল।
সেইজন্য দায়ূদ সদাপ্রভুর কাছে এর কারণ জিজ্ঞাসা করলেন।
সদাপ্রভু আমার কাছে প্রকাশ করেছেন যে আমাদের লোকেরা কষ্ট পাচ্ছে তার কারন হল গিবিয়োনীয়দের প্রতি শৌলের পাপ।
যিহোশূয় প্রতিজ্ঞা করেছিলেন যে তোমাদের রক্ষা করা হবে কিন্তু শৌল আপনার লোকদের মেরে ফেলবার চেষ্টা করেছিল।
আমাকে বল - কিভাবে আমি ক্ষতিপূরণ করতে পারি যাতে আমাদের দেশ থেকে এই দাগ মুছে ফেলা যায়?
শৌল বা তার বংশের কাছে আমাদের যে দাবি তা সোনা বা রূপার ব্যাপার নয় -- কিম্বা যে কোন লোককে মেরে ফেলবার ব্যাপারও নয়।
তবে তোমরা আমাকে তোমাদের জন্য কি করতে বল?
শৌলের বংশের সাতজন পুরুষ লোককে আমাদের দিন গিবিয়াতে সদাপ্রভুকে সাক্ষী রেখে তাদের মেরে ফেলব এবং সকলের সামনে তাদের দেহগুলো ফেলে রাখব।
তাহলে তাই হবে।
গিবিয়োনীয়েরা সাত জনকে পাহাড়ের উপরে নিয়ে গিয়ে মেরেছিলেন এবং সকলের সামনে তাদের দেহগুলো ফেলে রেখেছিলেন। এদের মধ্যে পাঁচজন ছিলেন শৌলের মেয়ে মেরবের ছেলে এবং দু'জন ছিল তাঁর উপস্ত্রী রিসপার।


২শমূয়েল ২১:১-৯




২শমূয়েল ২১:১০-১৪




২শমূয়েল ২১: ১৫-১৭




২শমূয়েল ২১:১৮-২২


দায়ূদের সৈন্যদের এবং নেতাদের মধ্যে ত্রিশ জন অমর ছিল আর তারা ত্রিশ নামে চিরকাল পরিচিত হবে।
এদের মধ্যে তিনজনকে তিনজন নামেই পরিচিত হবে।
এদের মধ্যে প্রথম হল যোশেব- বশেবৎ যে একটি যুদ্ধে আটশো লোককে মেরে ফেলেছিলেন তার বর্শা দিয়ে।
এই তিন জনের মধ্যে দ্বিতীয় ছিলেন ইলিয়াসর যিনি একটি জমির মধ্যে নিজের জায়গায় দাঁড়িয়ে ছিলেন যতক্ষন না বাকি সৈন্যরা পালিয়ে যায়।
তিনি পলেষ্টীয়দের আঘাত করতে থাকলেন যতক্ষণ না তাঁর হাত ক্লান্ত হয়ে তলোয়ারের সংগে লেগে রইল। অন্য ইস্রায়েলীয় সৈন্যেরা ফিরে আসল শুধুমাত্র মৃতদের কাছ থেকে লুট করবার জন্য।
তৃতীয় জন ছিল শম্ম যিনি মসুর ডালের ক্ষেত রক্ষা করার জন্য দাঁড়িয়ে ছিলেন এবং মহাজয় নিয়ে এসেছিলেন।
যোয়াবের ভাই, অবীশয়, ছিলেন এই তিনজনের উপরে প্রধান যদিও তিনি তিনজনের মধ্যে ছিলেন না।
তিনি তার বর্শা চালিয়ে তিনশো লোককে, মেরে ফেলেছিলেন।

২শমূয়েল ২৩:৮-৩৯


বনায় এক তুষার-পড়া দিনে তিনি একটা গর্তের মধ্যে নেমে গিয়ে একটা সিংহকে মেরে ফেলেছিলেন।
তিনি আবার একজন লম্বা-চওড়া মিসরীয়কেও মেরে ফেলেছিলেন যার হাতে ছিল একটা বর্শা।
যদিও তার হাতে শুধুমাত্র গদা ছিল তিনি সেই মিসরীয়ের হাত থেকে বর্শাটা কেড়ে নিলেন এবং তাকে মেরে ফেলেছিলেন।
দায়ূদ তাঁর দেহরক্ষীদের ভার বনায়ের উপরেই দিয়েছিলেন।
সেখানে মোট ত্রিশ ছিল - এই দলে সাতজন অন্তর্ভুক্ত ছিল - হিত্তীয় উরিয় সহ।

২শমূয়েল ২৩:৮-৩৯


সদাপ্রভু আবার ইস্রায়েলীয়দের উপর ক্রোধে জ্বলে উঠলেন এবং তিনি দায়ূদকে৷ তাদের বিরুদ্ধে উত্তেজিত করে তুললেন।
সংখ্যাগত শক্তির উপর বিশ্বাস না করার জন্য ঈশ্বর চাননি যে তারা তাদের সৈন্যদের সংখ্যা গণনা করে বরং তারা যেন ইস্রায়েলের ঈশ্বরের উপর বিশ্বাস করে, দায়ূদ যাকোবের কাছে এই আদেশটি দিয়েছিলেন।
ইস্রায়েলের বার গোষ্ঠীর মধ্যে গিয়ে তলোয়ার চালাতে পারে এমন লোকদের গণনা করে এস যাতে আমি তাদের মোট সংখ্যা জানতে পারি।
আপনার ঈশ্বর সদাপ্রভু যেন লোকদের সংখ্যা শতগুণ বাড়িয়ে দেন, আর আমার প্রভু মহারাজ যেন তা নিজেই দেখতে পান -- কিন্তু দয়া করে এই রকম কাজ করবেন না।
যোয়াব আপত্তি করেছিলেন কারন তিনি জানতেন সদাপ্রভু এটি নিষিদ্ধ করেছিলেন -- কিন্তু দায়ূদের আদেশ বহাল থাকল যোয়াবের কথার উপর।
তিনি যেভাবে বলেছিলেন যোয়াব ঠিক সেই ভাবেই করলেন এবং দায়ূদের কাছে লোকদের হিসাব দিলেন যে তলোয়ার চালাতে পারে এমন বলবান লোক ইস্রায়েলে রয়েছে আট লক্ষ আর অন্য পাঁচ লক্ষ রয়েছে যিহূদাতে।
আমি ভীষণ পাপ করেছি; আমি মিনতি করি, তুমি তোমার দাসের এই অন্যায় দূর করে দাও। আমি খুবই বোকামির কাজ করেছি।

২শমূয়েল ২৪:১-১০




২শমূয়েল ২৪:১১-১৬




২শমূয়েল ২৪:১৬-২৫

"THE BIBLE EXPLAINED
IN EVERY LANGUAGE."













SUPERBIBLE.TV